গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
আযম খান সরকারি কমার্স কলেজ, খুলনা
Web site : www.akcc.gov.bd

দূরালাপনীঃ ০২৪৭৭-৭২২৮৮২
E-mail: azamkhancollege@yahoo.com
azamkhancollege@gmail.com

তারিখঃ ২৪/০২/২০২৫ খ্রি.

# বিজ্ঞপ্তি

আযম খান সরকারি কমার্স কলেজে অধ্যয়নরত ২০২৪-২৫ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণীর ছাত্র-ছাত্রীদের জানানো যাচ্ছে যে, ২০২৪-২৫ অর্থবছরে উপবৃত্তি প্রদান করা হবে। এ লক্ষ্যে শিক্ষার্থীদেরকে কলেজ **ওয়েবসাইট থেকে ফরম সংগ্রহ করে** তা পূরণপূর্বক আগামী **২৬/০২/২০২৫ তারিখের** মধ্যে কলেজের প্রশাসনিক ভবনের নিচ তলায় অফিস রুমে জমা দেওয়ার জন্য নির্দেশ দেওয়া হল। উল্লেখ্য শিক্ষাবোর্ড কর্তৃক মেধা/সাধারণ বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীরা এবং **অভিভাবক কতৃক শিক্ষাভাতা গ্রহণ করলে উক্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে না।**

নির্দিষ্ট সময়ের পর আর কোন ফরম জমা নেওয়া হবে না। নির্দিষ্ট সময়ের মধ্যে ফরম জমা দিতে ব্যর্থ হলে এবং আবেদনে কোন ভুল থাকলে তার প্রেক্ষিতে উপরোক্ত বৃত্তি সংক্রান্ত কোন সমস্যা হলে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

## উপবৃত্তির জন্য প্রয়োজনীয় কাগজপত্রঃ

১। নির্ধারিত আবেদন ছক
২। আবেদনকারীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি ১ কপি
৩। আবেদনকারীর জন্ম নিবন্ধন সনদের ফটোকপি (১৭ ডিজিট)
৪। পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (১০ অথবা ১৭ ডিজিট)
৫। পিতা ও মাতার অবর্তমানে অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (১০ অথবা ১৭ ডিজিট)
৬। এসএসসি পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড ও নম্বরপত্রের ফটোকপি
৭। শিক্ষার্থীর অভিভাবকের (পিতা/মাতা/অন্যান্য) জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে খোলা সচল/শুধুমাত্র নগদ হিসাব নম্বর

**বিঃদ্রঃ**

**HSP-MIS সফটওয়্যারে তথ্য এন্ট্রির সময় পিতাকে অভিভাবক নির্বাচিত করলে পিতার জাতীয় পরিচয়পত্র (NID) ব্যবহার করে সিম রেজিস্ট্রেশন এবং নগদ একাউন্ট খুলতে হবে। অভিভাবক ও হিসাবধারীর নাম হিসাবে পিতার নাম এন্ট্রি করতে হবে। অভিভাবক হিসাবে মাতাকে নির্বাচিত করলে মাতার জাতীয় পরিচয়পত্র (NID) ব্যবহার করে সিম রেজিস্ট্রেশন এবং নগদ একাউন্ট খুলতে হবে। অভিভাবক ও হিসাবধারীর নাম হিসাবে মাতার নাম এন্ট্রি করতে হবে। পিতা/মাতার অনুপস্থিতিতে অন্য কোন ব্যক্তিকে (ভাই/বোন/দাদা/দাদী/নানা/নানী/ইত্যাদি) অভিভাবক হিসাবে নির্বাচিত করলে তাঁর জাতীয় পরিচয়পত্র ব্যবহার (NID) করে সিম রেজিস্ট্রেশন এবং নগদ একাউন্ট খুলতে হবে। অভিভাবক ও হিসাবধারীর নাম হিসাবে তাঁর নাম এন্ট্রি করতে হবে।**

**একই পিতা/মাতা/অভিভাবকের ০২ (দুই) জন সন্তান ৬ষ্ঠ থেকে ১২শ শ্রেণিতে উপবৃত্তির জন্য নির্বাচিত হলে একটি নগদ একাউন্ট নম্বর সর্বোচ্চ ০২ (দুই) জন সন্তানের উপবৃত্তি প্রাপ্তির ক্ষেত্রে ব্যবহার করা যাবে। তবে পিতা/মাতা/অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের নম্বর ০২ (দুই) সন্তানের ক্ষেত্রে একই থাকতে হবে।**

**উল্লেখ্য নির্ধারিত আবেদন ছকে নগদ হিসাব সংক্রান্ত ভুল তথ্য প্রদান করা হলে উক্ত ফরম বাতিল বলে গণ্য করা হবে।**

প্রতিস্বাক্ষর
২৪/০২/২৫
প্রফেসর মোঃ রফিকুল ইসলাম (০৬২৯৩)
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
আযম খান সরকারি কমার্স কলেজ, খুলনা

আহবায়ক
উপবৃত্তি কমিটি একাদশ শ্রেণি ২০২৪-২৫
আযম খান সরকারি কমার্স কলেজ, খুলনা

D:\Office\HSC\Upbitti-N.Doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি
বাড়ি-৪৪, সড়ক- ১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

স্মারক নং- এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০২০ (খন্ড-১)/৩৮ তারিখ:০৫.০২.২০২৫ খ্রি.

**বিষয়: সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় ২০২৪-২৫ শিক্ষাবর্ষের ১১শ ও সমমান শ্রেণিতে উপবৃত্তি প্রাপ্তির যোগ্য শিক্ষার্থী নির্বাচন পদ্ধতি নির্ধারণ ও HSP-MIS এ তথ্য এন্ট্রি সংক্রান্ত নিয়মাবলি।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের আওতায় ৬ষ্ঠ থেকে স্নাতক ও সমমান পর্যায়ের শিক্ষার্থীদের উপবৃত্তি এবং ভর্তি সহায়তার অর্থ ডাক বিভাগের সাথে চুক্তিবদ্ধ মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস 'নগদ' এর মাধ্যমে বিতরণের লক্ষ্যে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ডাক অধিদপ্তর এবং নগদ লিমিটেড এর মধ্যে গত ০২.০৬.২০২৪ তারিখে একটি ত্রিপক্ষীয় চুক্তিনামা স্বাক্ষরিত হয়। তৎপ্রেক্ষিতে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ কর্তৃক গত ০৪.০২.২০২৫ তারিখের ৩৭.০০.০০০০.০৬১.৯৯.০৬০.১৮-৬৪ স্মারকে ২০২৪-২৫ শিক্ষাবর্ষের ১১শ ও সমমান শ্রেণিতে শিক্ষার্থীদের তথ্য এন্ট্রির ক্ষেত্রে মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস হিসেবে শুধুমাত্র 'নগদ' একাউন্ট নম্বর এন্ট্রির প্রশাসনিক অনুমোদন প্রদান করা হয়। বর্ণিত অবস্থায়, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট্রের আওতায় বাস্তবায়নাধীন সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় ২০২৪-২৫ শিক্ষাবর্ষের ১১শ ও সমমান শ্রেণির শিক্ষার্থীদের উপবৃত্তির আবেদন অনলাইনে এন্ট্রি করার লক্ষ্যে তথ্য সংগ্রহ, যাচাই এবং HSP-MIS সফটওয়্যারে তথ্য এন্ট্রি ও প্রেরণ বিষয়ে নিম্নবর্ণিত কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০২। **HSP-MIS সফটওয়্যারে তথ্য এন্ট্রি ও প্রেরণ:**

২০২৪-২৫ শিক্ষাবর্ষের ১১শ ও সমমান শ্রেণির শিক্ষার্থীদের মধ্যে উপবৃত্তির জন্য আবেদন ফরম বিতরণ, শিক্ষার্থী কর্তৃক যথানিয়মে আবেদন ফরম পূরণপূর্বক শিক্ষা প্রতিষ্ঠানে জমাদান, HSP ম্যানুয়াল মোতাবেক প্রতিষ্ঠান পর্যায়ে গঠিত আবেদনপত্র যাচাই বাছাই কমিটির সভা আয়োজনপূর্বক শিক্ষার্থীর তথ্য যাচাই-বাছাই, সুপারিশ প্রাপ্তদের তালিকা প্রণয়ন এবং তালিকা মোতাবেক শিক্ষার্থীদের তথ্য আগামী **১১/০২/২০২৫ থেকে ০২/০৩/২০২৫** তারিখের মধ্যে শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক HSP-MIS সফটওয়্যারে নির্ভুলভাবে এন্ট্রি করে অনলাইনের নির্ধারিত অপশন ব্যবহার করে সংশ্লিষ্ট উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার নিকট প্রেরণ করতে হবে। উল্লেখ্য যে, শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক HSP-MIS সফটওয়্যারে তথ্য এন্ট্রি এবং প্রেরণ সুবিধাটি **০২/০৩/২০২৫** তারিখ রাত ১২ টায় স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে।

০৩। সকল উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা উপজেলা/মেট্রোপলিটন পর্যায়ে গঠিত কমিটির সভা আয়োজন পূর্বক HSP-MIS সফটওয়্যারের মাধ্যমে উপজেলা/থানায় প্রাপ্ত তথ্যাদি যাচাই-বাছাই করে যোগ্য শিক্ষার্থীদের তথ্য আগামী **০৯/০৩/২০২৫** তারিখের মধ্যে সফটওয়্যারের নির্ধারিত অপশন ব্যবহার করে HSP/PMEAT-এ প্রেরণ করতে হবে।

০৪। **শিক্ষা প্রতিষ্ঠান পর্যায়ের আবেদনপত্র যাচাই-বাছাই কমিটি:**

শিক্ষা প্রতিষ্ঠান পর্যায়ের কমিটির সভা আয়োজন পূর্বক শিক্ষার্থীদের কাছ থেকে নির্ধারিত ফরমে প্রাপ্ত আবেদনপত্রের তথ্যাদি যথাযথভাবে যাচাই-বাছাই করবেন। কমিটির সদস্যগণ প্রয়োজনে শিক্ষার্থীর বাড়ি পরিদর্শন করে আবেদনপত্রে প্রদত্ত তথ্যাদির সত্যতা যাচাই করবেন। আবেদনপত্রের সত্যতা যাচাই বাছাই শেষে সভার কার্যবিবরণী প্রস্তুত পূর্বক শিক্ষার্থীদের তথ্যাদি HSP-MIS সফটওয়্যারে এন্ট্রি করে **"শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক আবেদনপত্রের সকল তথ্যাদি সঠিক আছে"** মর্মে একটি প্রত্যয়নপত্র উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বরাবর প্রেরণ করবেন। আবেদনপত্রের হার্ডকপি এবং সভার কার্যবিবরণী শিক্ষা প্রতিষ্ঠানে সংরক্ষণ করবেন। তবে প্রতিষ্ঠান পর্যায়ের কমিটিতে উপকারভোগী নির্বাচনে কোনো অসত্য তথ্য প্রদান বা অনিয়ম করা হলে তা শাস্তিযোগ্য অপরাধ হিসাবে বিবেচিত হবে।

০৫। **উপকারভোগী শিক্ষার্থী নির্বাচন প্রক্রিয়া:**

উপকারভোগী শিক্ষার্থী নির্বাচনে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করতে হবে-

৫.১। দারিদ্র্য নিরূপণের জন্য বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর Household Income & Expenditure Survey 2016 (HIES-২০১৬) এ ব্যবহৃত প্রশ্নমালার উপর ভিত্তি করে তৈরিকৃত আবেদনপত্রে (সংলগ্নী-১) আবেদন করতে হবে।

৫.২। শিক্ষা প্রতিষ্ঠান পর্যায়ে গঠিত কমিটি আবেদনপত্রসমূহের তথ্যাদি যাচাই বাছাই শেষে প্রতিষ্ঠান পর্যায়ে HSP-MIS সফটওয়্যারে উপবৃত্তির যোগ্য দরিদ্র শিক্ষার্থীদের তথ্য এন্ট্রি করতে হবে।

৫.৩। তথ্য এন্ট্রির পর প্রতিষ্ঠান থেকেই তথ্যাদি অনলাইনে সংশ্লিষ্ট উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বরাবর প্রেরণ করতে হবে।

৫.৪। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা অনলাইনে প্রাপ্ত সকল আবেদনপত্র উপজেলা/মেট্রোপলিটন এলাকার উপদেষ্টা কমিটির বিবেচনার জন্য পেশ করবেন এবং উপদেষ্টা কমিটির অনুমোদন নিয়ে নির্বাচিত শিক্ষার্থীর তথ্য উপজেলা/থানা হতে HSP/PMEAT-তে প্রেরণ করবেন।

৫.৫। সারাদেশ থেকে অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ কেন্দ্রীয়ভাবে HSP-MIS সফটওয়্যারের মাধ্যমে সমন্বিত উপবৃত্তি কর্মসূচি কর্তৃক উপবৃত্তির জন্য উপকারভোগী শিক্ষার্থী নির্বাচিত হবে।

৫.৬। উপকারভোগী শিক্ষার্থী লৈঙ্গিক ভিত্তিতে নয় বরং দারিদ্র্যের মাত্রার ভিত্তিতে নির্বাচিত হবে। ফলে এই প্রক্রিয়ায় নির্বাচিত ছাত্র-ছাত্রীর সংখ্যা কম বেশি হতে পারে।

৫.৭। শারীরিক প্রতিবন্ধী, তৃতীয় লিঙ্গ এবং বীর মুক্তিযোদ্ধার প্রজন্ম যথাযথ যাচাই বাছাইয়ের পর সরাসরি এই কর্মসূচিতে অন্তর্ভুক্ত হবে। তবে এই ক্ষেত্রে এন্ট্রিকৃত তথ্যের সাথে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রত্যয়ন পত্রের সত্যায়িত কপি MIS-এ সংযুক্ত এবং শিক্ষা প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে। **উল্লেখ্য যে, যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রত্যয়ন পত্রের সত্যায়িত কপি HSP-MIS এ সংযুক্ত না করলে আবেদন পত্রটি বাতিল বলে গণ্য হবে।**

৫.৮। প্রাক্তন ছিটমহল এলাকায় অবস্থিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহ হতে এন্ট্রিকৃত শিক্ষার্থীদের ১০০% সরাসরি এই কর্মসূচিতে অন্তর্ভুক্ত করা হবে।

৫.৯। শিক্ষার্থী অন্য কোনো সরকারি উৎস থেকে মেধা/সাধারণ বৃত্তি অথবা অভিভাবক কর্তৃক শিক্ষাভাতা গ্রহণ করলে উপবৃত্তির জন্য যোগ্য বলে বিবেচিত হবে না।

৫.১০। প্রাতিষ্ঠানিক যাচাই-বাছাই কমিটি ও উপজেলা/মেট্রোপলিটান এলাকার উপদেষ্টা কমিটি শিক্ষার্থীর আবেদনের তথ্যাদির সত্যতা যাচাই বাছাই করবেন।

০৬। **নিম্নবর্ণিত ১০ টি উপজেলার আবেদনকারী সকল শিক্ষার্থী সরাসরি উপবৃত্তির জন্য নির্বাচিত হবে:**

বান্দরবান জেলার নাইক্ষ্যংছড়ি ও আলিকদম উপজেলা, কুড়িগ্রাম জেলার কুড়িগ্রাম সদর, চর রাজিবপুর, চিলমারী, উলিপুর ও ভূরুঙ্গামারী উপজেলা, দিনাজপুর জেলার কাহারোল ও খানসামা উপজেলা এবং কিশোরগঞ্জ জেলার কুলিয়ারচর উপজেলা।

০৭। **নতুন শিক্ষার্থীদের তথ্য এন্ট্রির পদ্ধতি:**

৭.১। HSP-MIS এর URL (লিংক): hsp.pmeat.gov.bd/HSP-MIS/login

৭.২। HSP-MIS সফটওয়্যারে প্রবেশ করে মেনুবার অনুসরন করে **'প্রাথমিক নির্বাচন'** অপশনে ক্লিক করুন;

৭.৩। **'প্রাথমিক নির্বাচন'** অপশনে **'নতুন শিক্ষার্থী এন্ট্রি'** অপশনে ক্লিক করুন;

৭.৪। এন্ট্রি ফরমে শিক্ষার্থীর ব্যক্তিগত তথ্য, শিক্ষার্থীর অভিভাবকের তথ্য, আর্থিক অবস্থা সংক্রান্ত তথ্য এবং সর্বশেষ পেমেন্টের তথ্য প্রদান করতে হবে;

৭.৫। এন্ট্রিকৃত তথ্যের সঠিকতা নিশ্চিত হয়ে সংরক্ষণ বাটনে ক্লিক করুন।

০৮। **তথ্য এন্ট্রি:**

৮.১। সরকারি সিদ্ধান্ত অনুযায়ী শিক্ষার্থীদের তথ্য এন্ট্রির ক্ষেত্রে তাদের অভিভাবকের একাউন্ট নম্বর হিসাবে শুধুমাত্র 'নগদ' একাউন্ট নম্বর ব্যবহার করতে হবে।

৮.২। একই পিতা/মাতা/অভিভাবকের ০২ (দুই) জন সন্তান ৬ষ্ঠ থেকে ১২শ শ্রেণিতে উপবৃত্তির জন্য নির্বাচিত হলে একটি নগদ একাউন্ট নম্বর সর্বোচ্চ ০২ (দুই) জন সন্তানের উপবৃত্তি প্রাপ্তির ক্ষেত্রে ব্যবহার করা যাবে। তবে পিতা/মাতা/অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের নম্বর ০২ (দুই) সন্তানের ক্ষেত্রে একই থাকতে হবে।

৮.৩। আবেদনকৃত সকল শিক্ষার্থীর ১৭ সংখ্যার অনলাইন জন্মসনদ থাকা নিশ্চিত করতে হবে।

৮.৪। পিতা/মাতা/অভিভাবকের জাতীয় পরিচয়পত্র নম্বর (NID) ১০ অথবা ১৭ সংখ্যা অবশ্যই এন্ট্রি করতে হবে। ১৩ সংখ্যার জাতীয় পরিচয়পত্রের ক্ষেত্রে প্রথমে জন্ম সালের ৪ ডিজিট বসিয়ে ১৭ সংখ্যায় রূপান্তর করতে হবে।

৮.৫। শিক্ষার্থীর উপবৃত্তির অর্থ প্রাপ্তির ক্ষেত্রে আবেদনে অভিভাবক হিসাবে নির্ধারিত ব্যক্তির (পিতা/মাতা/অন্য যে কোন বৈধ অভিভাবক) এনআইডি দিয়ে খোলা বৈধ/সচল নগদ একাউন্ট নম্বর ব্যবহার করতে হবে।

৮.৬। শিক্ষার্থীর অভিভাবক হবেন পিতা অথবা মাতা। কেবল পিতা মাতার অনুপস্থিতিতে অন্য কোন ব্যক্তিকে (ভাই/বোন/দাদা/দাদী/নানা/নানী/ইত্যাদি) অভিভাবক হিসাবে নির্বাচন করা যাবে।

৮.৭। HSP-MIS সফটওয়্যারে তথ্য এন্ট্রির সময় পিতাকে অভিভাবক নির্বাচিত করলে পিতার জাতীয় পরিচয়পত্র (NID) ব্যবহার করে সিম রেজিস্ট্রেশন এবং **নগদ একাউন্ট** খুলতে হবে। অভিভাবক ও হিসাবধারীর নাম হিসাবে পিতার নাম এন্ট্রি করতে হবে। অভিভাবক হিসাবে মাতাকে নির্বাচিত করলে মাতার জাতীয় পরিচয়পত্র (NID) ব্যবহার করে সিম রেজিস্ট্রেশন এবং **নগদ একাউন্ট** খুলতে হবে। অভিভাবক ও হিসাবধারীর নাম হিসাবে মাতার নাম এন্ট্রি করতে হবে। পিতা/মাতার অনুপস্থিতিতে অন্য কোন ব্যক্তিকে (ভাই/বোন/দাদা/দাদী/নানা/নানী/ইত্যাদি) অভিভাবক হিসাবে নির্বাচিত করলে তাঁর জাতীয় পরিচয়পত্র ব্যবহার (NID) করে সিম রেজিস্ট্রেশন এবং নগদ একাউন্ট খুলতে হবে। অভিভাবক ও হিসাবধারীর নাম হিসাবে তাঁর নাম এন্ট্রি করতে হবে।

৮.৮। তথ্য এন্ট্রির পূর্বে ও পরে নগদ একাউন্ট নম্বর এবং হিসাবধারী নাম সঠিক আছে কিনা তা নিশ্চিত হয়ে এন্ট্রি ও সংরক্ষণ করতে হবে।

০৯। উপবৃত্তির জন্য শিক্ষার্থীর তথ্য HSP-MIS সফটওয়্যারে এন্ট্রি করলেই উপবৃত্তি প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করে না। আবেদনকারী শিক্ষার্থীর প্রদত্ত তথ্যাদি HSP-MIS সফটওয়্যারের মাধ্যমে বিশ্লেষণ করে উপবৃত্তি প্রাপ্তির জন্য শিক্ষার্থী নির্বাচন করা হয়।

১০। **টিউশন ফি মওকুফ:**

সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত উপবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের টিউশন ফি/বেতন মওকুফ থাকবে। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানকে উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীদের অনুকূলে স্কিম ডকুমেন্ট মোতাবেক নির্ধারিত হারে টিউশন ফি/বেতন প্রদান করা হবে। উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীদের নিকট হতে কোনক্রমেই টিউশন ফি/বেতন আদায় করা যাবে না।

১১। **নতুন প্রতিষ্ঠান অন্তর্ভুক্তি:**

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক নতুন কোন শিক্ষা প্রতিষ্ঠানকে পাঠদানের অনুমতি বা স্বীকৃতি প্রাপ্ত এবং ব্যানবেইস কর্তৃক EIIN নম্বরধারী শিক্ষা প্রতিষ্ঠান সমন্বিত উপবৃত্তি কর্মসূচির অন্তর্ভুক্ত হতে পারবে। সেক্ষেত্রে HSP-MIS সফটওয়্যারের **ইউজার আইডি ও পাসওয়ার্ডের** জন্য শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে প্রয়োজনীয় কাগজপত্রসহ উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার সুপারিশসহ স্কিম পরিচালক, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, বাড়ি নং- ৪৪, রোড নং- ১২/এ, ধানমন্ডি, ঢাকা বরাবর আবেদন করতে হবে।

১২। সংশ্লিষ্ট উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা তাঁর আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগনকে উক্ত বিষয়টি অবহিতকরণসহ এতদসংক্রান্ত সকল কার্যক্রম নিবিড়ভাবে মনিটরিং করবেন। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে কার্যক্রম সম্পন্ন করতে ব্যর্থ হলে সৃষ্ট যে কোন সমস্যার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান এবং উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা দায়ী থাকবেন।

১৩। **ইউজার আইডি ও পাসওয়ার্ড:**

শিক্ষা প্রতিষ্ঠান অথবা উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা কর্তৃক ব্যবহৃত HSP-MIS এর আইডি/পাসওয়ার্ড ভুলে গেলে বা অন্য কোন কারণে HSP-MIS এ লগ ইন করতে না পারলে সংশ্লিষ্ট উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার মাধ্যমে mis.hsp@pmeat.gov.bd ই-মেইলে যোগাযোগ করার অনুরোধ করা হলো।

১৪। **হেল্প লাইন নম্বর:** অফিস চলাকালীন সময়ে সকাল ০৯.০০ ঘটিকা থেকে বিকাল ০৫.০০ ঘটিকা পর্যন্ত (মোবইল নং-০১৩১৬৬৫৮২৩০ ও ০১৩১৬৬৫৮৫২৯) যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: শিক্ষার্থীর আবেদন ফরম।

০৫/০২/২৫

(মোহাম্মদ আসাদুল হক)
স্কিম পরিচালক (যুগ্মসচিব)

**উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা**
সকল উপজেলা/থানা।

**সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদশে সচিবালয়, ঢাকা।
০২। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদশে সচিবালয়, ঢাকা।
০৩। প্রোগ্রাম কো-অর্ডিনেটর, পিসিইউ, এসইডিপি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
০৪। ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
০৫। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
০৬। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
০৭। প্রোগ্রাম এক্সিকিউটিভ এন্ড কো-অর্ডিনেটর, BACS and iBAS++ স্কিম, SPFMS, অর্থ বিভাগ (পত্রের আলোকে HSP-MIS এ যথাযথ পদক্ষেপ গ্রহণ এবং এন্ট্রি চলাকালীন সময়ে HSP-MIS পর্যবেক্ষণের অনুরোধসহ)।
০৮। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৯। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১০। সকল কর্মকর্তা, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ঢাকা (দায়িত্ব প্রাপ্ত বিভাগ/জেলা অনুযায়ী সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে যোগাযোগপূর্বক কার্যক্রম পরিবীক্ষণের অনুরোধসহ)।
১১। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সকল উপজেলা।
১২। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা।
১৩। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (স্কিমভুক্ত উচ্চ মাধ্যমিক ও সমমান পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান)।
১৪। প্রোগ্রামার, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৫। সহকারী প্রোগ্রামার, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা (পিএমইএটি-এর ওয়েবসাইটে প্রকাশ ও HSP-MIS সফটওয়্যারে শিক্ষার্থীর তথ্য এন্ট্রির অপশন চালু করার অনুরোধসহ)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি
বাড়ি-৪৪, সড়ক- ১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www. pmeat.gov.bd

(শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক আবেদন ফরম শিক্ষার্থীদের মাঝে বিনামূল্যে বিতরণ করতে হবে।)

## শিক্ষার্থী আবেদন ফরম

ছবি

ভর্তির শিক্ষাবর্ষ: ২০২৪ অর্থ বছর: ২০২৪-২০২৫

### ব্যক্তিগত তথ্য

শিক্ষার্থীর নাম (বাংলা): শিক্ষার্থীর নাম (ইংরেজি):

পিতার এনআইডি: পিতার জন্ম তারিখ:

(১০ অথবা ১৭ ডজিটি)

পিতার নাম (বাংলা): পিতার নাম (ইংরেজি):

মাতার এনআইডি: মাতার জন্ম তারিখ:

(১০ অথবা ১৭ ডজিটি)

মাতার নাম (বাংলা): মাতার নাম (ইংরেজি):

শিক্ষার্থীর জন্ম সনদ নম্বর: (১৭ ডিজিট) শিক্ষার্থীর জন্ম তারিখ:

শিক্ষার্থীর জেন্ডার: পুরুষ / মহিলা / তৃতীয় লিঙ্গ (তৃতীয় লিঙ্গ হলে প্রমাণপত্র সংযুক্ত করতে হবে)

| | | | |
|---|---|---|---|
| শিক্ষার্থীর জন্মস্থান | | শিক্ষার্থীর ধর্ম | |
| শিক্ষার্থীর জাতীয়তা | বাংলাদেশি | শিক্ষার্থীর পেশা | শিক্ষার্থী |

শিক্ষার্থী স্থায়ী ঠিকানা:

| | | | |
|---|---|---|---|
| বিভাগ | | ইউনিয়ন | |
| জেলা | | ওয়ার্ড নং | |
| উপজেলা | | পোস্ট-কোড | |
| পৌরসভা | | ঠিকানা | |

## শিক্ষা সংক্রান্ত তথ্য:

পূর্ববর্তী শিক্ষাগত তথ্য:

| | | | |
|---|---|---|---|
| বিভাগ | | পূর্ববর্তী শ্রেণী | |
| জেলা | | পূর্ববর্তী পরীক্ষার নাম | |
| উপজেলা | | রেজিষ্ট্রেশন নং (১১শ শ্রেণির জন্য) | |
| পৌরসভা | | ফলাফল (জিপিএ) (১১শ শ্রেণির জন্য) | |
| বোর্ড | | উত্তীর্ণ হওয়ার বছর | |
| প্রতিষ্ঠানের নাম | | | |

বর্তমান শিক্ষাগত তথ্য:

| | | | |
|---|---|---|---|
| বিভাগ | | শ্রেণী | |
| জেলা | | বিভাগ (গ্রুপ) | |
| উপজেলা | | শাখা | |
| পৌরসভা | | রোল | |
| প্রতিষ্ঠানের নাম | | | |

## অভিভাবকের তথ্য:

| | | | |
|---|---|---|---|
| সম্পর্ক: (পিতা/মাতা/অন্যান্য) | | জন্ম সনদ নম্বর | |
| অভিভাবকের এনআইডি (১০ অথবা ১৭ ডিজিট) | | জন্ম তারিখ | |
| নাম (বাংলা) | | নাম (ইংরেজি) | |
| পেশা | | মোবাইল | |
| ই-মেইল(যদি থাকে) | | | |

## অভিভাবকের স্থায়ী ঠিকানা:

| | | | |
|---|---|---|---|
| বিভাগ | | ইউনিয়ন | |
| জেলা | | ওয়ার্ড নং | |
| উপজেলা | | পোস্ট-কোড | |
| পৌরসভা | | ঠিকানা | |

# শিক্ষার্থীর আর্থিক অবস্থা সংক্রান্ত তথ্য (টিক দিতে হবে)

কে আবেদনকারীর পড়ালেখার খরচ বহন করে? (মা /বাবা /মা-বাবা ব্যতীত অন্য অভিভাবক)।

আবেদনকারী কি বাংলাদেশের ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর পরিবারের সদস্য? (হ্যাঁ/না) (হ্যাঁ হলে ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর নাম ................)।

আবেদনকারী কি মুক্তিযোদ্ধার প্রজন্ম? (হ্যাঁ/না) (হ্যাঁ হলে বীর মুক্তিযোদ্ধার নাম ও সম্পর্ক এবং প্রমাণপত্র দিতে হবে।)

বীর মুক্তিযোদ্ধার নাম: ..........................................................................। সম্পর্ক: ...................................।

অভিভাবকের শিক্ষাগত যোগ্যতা (নিরক্ষর/ স্নাতক পর্যায়ে নিম্নে/স্নাতক বা তদুর্ধ্ব)।

অভিভাবকের স্বামী/স্ত্রীর শিক্ষাগত যোগ্যতা (এস.এস.সি/ সমমানের নিম্নে/ সমমান বা তদুর্ধ্ব)।

আবেদনকারী কি সরকারি কোনো উৎস থেকে উপবৃত্তি/শিক্ষাভাতা পান? (হ্যাঁ/না)।

আবেদনকারীর কি কোনো শারীরিক প্রতিবন্ধিতার কার্ড আছে? (হ্যাঁ/না) (হ্যাঁ হলে প্রমাণপত্র দিতে হবে)।

আবেদনকারীর অভিভাবকের কি কোনো শারীরিক প্রতিবন্ধিতার কার্ড আছে? (হ্যাঁ/না) (হ্যাঁ হলে প্রমাণপত্র দিতে হবে)।

আবেদনকারীর বাবা-মা ব্যতীত পরিবারের অন্য কোনো সদস্য জন্মগতভাবে/দীর্ঘমেয়াদী শারীরিক/মানসিক রোগে ভুগছেন? (হ্যাঁ/না) (হ্যাঁ হলে প্রমাণপত্র দিতে হবে)।

আবেদনকারী কি জন্মগতভাবে দীর্ঘমেয়াদী কোনো রোগে ভুগছেন? (হ্যাঁ/না) (হ্যাঁ হলে প্রমাণপত্র দিতে হবে)।

আবেদনকারীর অভিভাবক কি জন্মগতভাবে/দীর্ঘমেয়াদী কোন রোগে ভুগছেন? (হ্যাঁ/না) (হ্যাঁ হলে প্রমাণপত্র দিতে হবে)।

আবেদনকারীর মা-বাবা-অভিভাবকের সুনির্দিষ্ট কোনো মাসিক আয়ের উৎস আছে? (হ্যাঁ/না)।

আবেদনকারীর অভিভাবকের শহরে/গ্রামীণ এলাকায় মাসিক সুনির্দিষ্ট আয়ের উৎস আছে? (শহরে/গ্রামে)।

পরিবারের কয়জন সদস্য চাকুরি করেন? (কেউ না/একজন/দুইজন/দুইজনের অধিক)।

আবেদনকারীর অভিভাবক কোনো উৎস থেকে কি কোনো আয় করেন? (না/দোকান/হাঁস-মুরগীর খামার/পরিবহণ ব্যবসা/মৎস্য খামার/কৃষিকাজ/অন্যান্য)।

মা-বাবা দুজনেই/একজন জীবিত আছেন/একজনও জীবিত নেই (দুইজন জীবিত/একজন জীবিত/কেউ জীবিত নেই)।

আঠারো বছরের নীচে পরিবারের সদস্য সংখ্যা (দুই অথবা দুই এর নিচে/দুই এর অধিক)।

আবেদনকারী কোন এলাকায় বাস করে? (পাহাড়ি এলাকা/হাওড়/চর/বস্তি এলাকা/প্রাক্তন ছিটমহল/সমতল)

আবেদনকারীর বাড়িতে কয়টি কক্ষ আছে? (একটি/দুইটি/তিনটি/তিনের অধিক)।

আবেদনকারীর বাড়িতে কি বিদ্যুৎ আছে? (হ্যাঁ/না)।

আবেদনকারীর বাড়িতে কোন ধরনের টয়লেট আছে? (পাকা/কাঁচা)।

আবেদনকারীর বাড়িতে কি কোন টেলিভিশন আছে? (হ্যাঁ/না)।

আবেদনকারীর বাড়িতে কিসে রান্না হয়? (গ্যাস/বিদ্যুৎ/কাঠ/খড়কুটো/গোবর ঘুঁটে)।

আবেদনকারীর বাড়ির মেঝে কী দিয়ে তৈরি? (মাটি/মাচাং/সিমেন্ট/টাইলস/অন্যান্য)।

আবেদনকারীর বাড়ির কক্ষের দেয়াল কী দিয়ে তৈরি? (মাটি/পাটকাঠি/বাঁশ/টিন/কাঠ/ইট)।

আবেদনকারীর বাড়ির ছাদ কী দিয়ে তৈরি? (ছন/গোলপাতা/খড়/টিন/মাটির টাইলস/কাঠ/আর.সি.সি/জি.আই.সিট)।

আবেদনকারীর অভিভাবকের মালিকানায় মোট জমির পরিমাণ (ভূমিহীন/১০ শতাংশের নীচে/উপরে)।

আবেদনকারীর অভিভাবকের কোন কোন কার্ড আছে? (ভিজিডি/ভিজিএফ/বয়স্ক ভাতার কার্ড/বিধবা ভাতার কার্ড/স্বামী পরিত্যক্তা কার্ড) (থাকলে প্রমাণপত্র দিতে হবে)।

**পেমেন্টের তথ্য:**

| পেমেন্টের ধরন | সচল মোবাইল ব্যাংকিং একাউন্ট |
|---|---|
| মোবাইল ব্যাংকিং সেবা প্রদানকারী | নগদ |
| হিসাবধারীর নাম (অভিভাবকের নামের বানান একাউন্ট এর সাথে হুবহু মিল থাকতে হবে) | |
| একাউন্ট নম্বর/হিসাব নং | |
| একাউন্ট হোল্ডারের এনআইডি (১০ অথবা ১৭ ডিজিট) | |

(উপবৃত্তির জন্য শিক্ষার্থীর তথ্য HSP-MIS-এ এন্ট্রি/আবেদন করলেই উপবৃত্তি প্রাপ্তির নিশ্চিয়তা প্রদান করে না।)